যতক্ষণ পর্যন্ত তোমরা লাল বর্ণ বিশিষ্ট চেহারা, চেপটা উঁচা নাক, ছোট চোখ বিশিষ্ট অনারবী খূয ও কিরমাদের সাথে যুদ্ধ না করবে ততক্ষণ পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না। তাদের চেহারা হবে মোটা হাতুড়ির ন্যায় আর তাদের পাদুকা পশম।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মারফ‘ হিসেবে বর্ণিত: যতক্ষণ পর্যন্ত লাল বর্ণ বিশিষ্ট চেহারা,চেপটা উঁচা নাক এবং ছোট চোখ বিশিষ্ট অনারবী খূয ও কিরমাদের সাথে যুদ্ধ না করবে ততক্ষণ পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না। তাদের চেহারা হবে মোটা
হাতুড়ির ন্যায় আর তাদের পাদুকা পশম। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

মুসলিমগণ অনারব শহরসমূহ থেকে খুয ও কিরমানের অধিবাসীদের সাথে যুদ্ধ না করা পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না। তাদের আলামত হলো, তাদের দেহের ওপর ঠান্ডার প্রভাব বেশি হওয়া কারণে তাদের চেহারা হবে লাল বর্ণের সাথে মিশ্রিত সাদা, তাদরে নাক হবে চেপটা আর তাদের চোখ হবে ক্ষুদ্র। আর তাদের চেহারা প্রসস্থতা ও গোলাকার হওয়ার দিকে দিয়ে ধনুকের মতো হবে। মোট ও গোস্ত বেশি হওয়ার কারণে হাতুড়ির মতো মোটা হবে। তারা পশমের জুতায় চলাচল করবে।

http://sunnah.global/hadeeth/bn/show/11223